

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩৩১
বিশালগড়, ২৪ সেপ্টেম্বর, ২০২৪

স্বচ্ছতা-হি-সেবা
বিশালগড় মহকুমায় পথ নাটক

সিপাহীজলা জেলার বিশালগড় মহকুমায় স্বচ্ছতা-হি-সেবা কর্মসূচিতে সম্প্রতি সচেতনতামূলক পথ নাটক অনুষ্ঠিত হয়েছে। মহকুমার বিশালগড় মোটরস্ট্যান্ড, ব্রজপুর, বিশালগড় নিউ মার্কেট ও চড়িলাম বাজারে পথ নাটকগুলি মঞ্চস্থ হয়। সিপাহীজলা জেলা প্রশাসন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে স্বচ্ছতা-হি-সেবা কর্মসূচিতে পথ নাটকগুলির আয়োজন করা হয়।
